

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : পঞ্চম

বিষয় : প্রাথমিক বিজ্ঞান

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) পরাগায়ন কাকে বলে?
- খ) হিমবাহ গলে যাচ্ছে কেন?
- গ) ঘনীভবন কাকে বলে?
- ঘ) বন্যা বা জলোচ্ছ্বাসের সময় কীভাবে পানি বিশুদ্ধ করবে?
- ঙ) তুমি পায়ে হেঁটে পরীক্ষাকেন্দ্রে আসতে যে শক্তি ব্যবহার করেছো তা কোন ধরনের শক্তি?
- চ) সুষম খাদ্য কাকে বলে?
- ছ) ফল পাকানোর জন্য যে সকল রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয় তার একটির নাম লেখ?
- জ) সংক্রামক রোগ কী?
- ঝ) তিনটি তথ্য সংরক্ষণ প্রযুক্তির নাম লিখ।
- ঞ) ইন্টারনেট কী?
- ট) বায়ুচাপ কী ?
- ঠ) আবহাওয়া কী ?
- ড) খরা সৃষ্টি হওয়ার দুটি কারণ লেখ?
- ঢ) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।
- ণ) আমাদের দেশে আমরা কোন সময় কালবৈশাখী দেখতে পাই?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) তাপ উপায়ে সঞ্চালিত হয়।
- খ) মাছ ও মাংসে মাধ্যমে পচন ধরতে পারে।
- গ) দিন-রাত সংঘটিত হয় পৃথিবীর কারণে।
- ঘ) আঠারো শতকে প্রযুক্তির ব্যাপক উন্নতি হয়েছে।
- ঙ) আমাদের জীবনে তথ্যের অনেক রয়েছে।
- চ) তথ্য বিনিময় হলো একটি।
- ছ) আইসিটি মানুষের পারস্পরিক যোগাযোগ..... করছে।
- জ) পিপীলিকা হলো একটি ইঞ্জিন।
- ঝ) আবহাওয়া ও এক নয়।
- ঞ) আর্দ্রতা হলো বাতাসে পরিমাণ।
- ট) শীতকালের মৌসুমি বায়ু থাকে।

- ঠ) বন্যার সময় বাংলাদেশের পানির নিচে তলিয়ে যায় ।
 ড) গ্রীষ্মকালে আমাদের দেশে যে বজ্রঝড় হয় তাই ।
 ঢ) টর্নেডো আকারে সাধারণত কিলোমিটারের কম হয় ।

৩। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল কর :

৫ × ২ = ১০

বামপাশ	ডানপাশ
ক) বাতাসে জলীয় বাষ্প কম	১) খরা ।
খ) উত্তর পূর্ব মৌসুমি বায়ু	২) তাপদাহ ।
গ) শুষ্ক আবহাওয়া	৩) জলবায়ুর ।
ঘ) অতি গরম আবহাওয়া	৪) আর্দ্রতা কম ।
ঙ) তাপমাত্রা অস্বাভাবিক কম	৫) বসন্তকাল
	৬) শৈত্যপ্রবাহ ।
	৭) শুষ্ক ও শীতল বাতাস ।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

৬ × ৮ = ৪৮

- ক) সুষম খাদ্য কী? সুষম খাদ্যে কয়টি খাদ্য উপাদান থাকে ও কী কী? খাদ্য সংরক্ষণ কী?
 খ) ছোঁয়াচে রোগ কী? দুইটি সংক্রামক রোগের নাম লেখ। সংক্রামক রোগ প্রতিকারে তিনটি করণীয় লেখ।
 গ) দূষিত পানি কাকে বলে? পানি শোধনের দুটি উপায়ের নাম লেখ। পানি পুরোপুরি নিরাপদ করতে কোন উপায় সবচেয়ে গ্রহণীয়? কেন?
 ঘ) বন্যা কী? আমাদের জীবনে বন্যার চারটি ক্ষতিকর প্রভাব লেখ।
 ঙ) টর্নেডো কী? এর দুটি বৈশিষ্ট্য ও তিনটি ক্ষয়ক্ষতি লেখ।
 চ) তথ্য বিনিময় কী? প্রযুক্তি ব্যবহার করে তথ্য সংগ্রহের তিনটি উপায় লিখ।
 ছ) সার্চ ইঞ্জিন কী? তথ্য বিনিময়ের দুটি প্রযুক্তির নাম লেখ। তোমার বন্ধুর কাছ থেকে পাওয়া তথ্যটি তুমি কীভাবে সংরক্ষণ করতে পার তার দুটি উপায় লেখ।
 জ) শক্তির মূল উৎস কী? শক্তির রূপান্তর কী? শক্তির রূপান্তরের তিনটি উদাহরণ লেখ।
 ঝ) বয়ঃসন্ধি কী? বয়ঃসন্ধিকালে শারীরিক কী কী পরিবর্তন ঘটে পাঁচটি বাক্যে লেখ।
 ঞ) একটি আধুনিক প্রযুক্তির নাম লেখ। শিক্ষাক্ষেত্রে তথ্য প্রযুক্তি পাঁচটি ব্যবহার লেখ।